# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, ঢাকা বোর্ড -২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ অষ্টম শ্রেণির ছাত্র 'M' পড়ালেখায় অমনোযোগী হয়ে যাওয়ায় তার বাবা তাকে স্কুলের পাশাপাশি একটি আবৃত্তি সংগঠনে ভর্তি করিয়ে দেন। সেখানে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে তার মেধা ও প্রতিভার বিকাশ ঘটে।

ক. মানুষের যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম কোনটি? ১

খ. অভিভাবন বলতে কী বোঝায়? ২

গ. 'M' এর মেধা ও প্রতিভা বিকাশে কোন প্রতিষ্ঠানের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শিশুর সামাজিকীকরণের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানেরও ভূমিকা রয়েছে"— বিশ্লেষণ করো। ৪

২. ▶ ইছাখালী গ্রামের বাসিন্দা রহমান সাহেব সম্প্রতি স্থানীয় সরকারের চেয়ারম্যান নির্বাচিত হন। এ বছর ভয়াবহ বন্যা দেখা দিলে তিনি ক্ষতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা করেন। এছাড়া বিবাদ নিষ্পত্তির মাধ্যমে তিনি এলাকার শান্তি ও সম্প্রীতি বজায় রাখার চেষ্টা করেন।


ক. বাংলাদেশের গ্রামাঞ্চলে স্থানীয় সরকার কাঠামো কয় স্তরবিশিষ্ট? ১

খ. সুশাসন বলতে কী বোঝায়? ২

গ. রহমান সাহেব কোন ধরনের স্থানীয় সরকারের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলো চেয়ারম্যান হিসেবে রহমান সাহেবের দায়িত্ব পালনে যথেষ্ট বলে মনে করো কী? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. ★




Teachingbd24.com

ক. 'এইচসিএফসি' এর পূর্ণরূপটি লিখো। ১
খ. 'বৈশ্বিক উষ্ণায়ন' ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. চিত্রে 'অ' চিহ্নিত স্তরটির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্রের 'ই' স্তরটি মানুষের জীবনধারণের জন্য গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

**৪.** ★ বুনারা ছয় ভাই-বোন। বাবা ভাল বেতনের চাকরি করলেও পরিবারে অভাব-অনটন লেগেই থাকে। সকলের মৌলিক চাহিদাগুলো ঠিকমত পূরণ করা যায় না।

ক. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে? ১
খ. জনসংখ্যার সাথে জনসম্পদের সম্পর্ক ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত সমস্যার ক্ষেত্রে সরকারি নীতি ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত সমস্যা সমাধানের দায়িত্ব শুধু সরকারের? যৌক্তিক মতামত দাও। ৪

**৫.** ▶

| সংস্থা | গঠনকাল | সদর দপ্তর |
|---|---|---|
| X | ১৯৪৬ সাল | প্যারিস |
| Y | ১৯৬৯ সাল | নিউইয়র্ক |

ক. FAO এর পূর্ণরূপ কী? ১
খ. বাংলাদেশে WHO এর কার্যক্রম ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'Y' দ্বারা কোন সংস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের উন্নয়নে 'X' সংস্থার অবদান মূল্যায়ন করো। ৪

**৬.** ▶

| শিল্প | উপাদান |
|---|---|
| P | দুকূল, পত্রোর্ণ, কষ্টিপাথর |
| Q | গম্ভীরা, বারমাস্যা, মুর্শিদি |

ক. সাংস্কৃতায়ন কাকে বলে? ১
খ. প্রযুক্তি কীভাবে সাংস্কৃতিক উন্নয়ন ঘটায়? ২
গ. 'Q' দ্বারা কোন শিল্পকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের 'P' শিল্পটি বাঙালির সৃজনশীল মনের বিকাশ ঘটিয়েছে।— বিশ্লেষণ করো। ৪

**৭.** ★ দৃশ্যকল্প-১: বিদেশে কর্মরত ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রেরিত অর্থ হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত থাকে না।

দৃশ্যকল্প-২: দেশি ও বিদেশি সকল জনগণের উৎপাদিত দ্রব্য ও সেবা হিসেবে বিবেচনা করা হয়।

ক. মাথাপিছু আয় কী? ১

Teachingbd24.com

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ২

গ. দৃশ্যকল্প-১ এ অর্থনীতির কোন সূচক নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্পে বর্ণিত সূচকদ্বয়ের বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ঘটে।— বিশ্লেষণ করো। ৪

৮. ★ স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ দেখার জন্য সেলিম সাহেব তার সাত বছরের ছেলেকে নিয়ে স্টেডিয়ামে যান। তখন মাইকে বজ্রকণ্ঠে একটি ভাষণ চলছিল। যার কথাগুলো ছিল, .......... প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে ...........।


ক. মুক্তিযুদ্ধে এস ফোর্সের অধিনায়ক কে ছিলেন? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণটির ঐতিহাসিক প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ভাষণটি এদেশের মানুষকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করেছিল।— বিশ্লেষণ করো। ৪

৯. ▶




ক. রাখাইন শব্দের অর্থ কী? ১

খ. বাংলাদেশকে বহু সংস্কৃতির দেশ বলা হয় কেন? ২

গ. 'A' চিহ্নিত অঞ্চলে কোন নৃগোষ্ঠী বাস করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'B' ও 'C' চিহ্নিত এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর মধ্যে সংস্কৃতিগত অমিল বিদ্যমান।— বিশ্লেষণ করো। ৪

১০. ★ 'X' অষ্টম শ্রেণির ছাত্র। সে প্রায়ই শেষ দুটো পিরিয়ডে শ্রেণি কার্যক্রমে অনুপস্থিত থাকে। খোঁজ নিয়ে জানা যায় সে বাসায় না গিয়ে বখাটেদের সাথে আড্ডা দেয়। তার মা-বাবা উভয়ে চাকরিজীবী হওয়ায় বিষয়টি সম্পর্কে অবগত নয়।

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]


১. ★ চণ্ডীমঙ্গল কার লেখা?
ক মুকুন্দরাম খ বিজয় গুপ্ত
গ ভারত চন্দ্র ঘ ঘনরাম

২. ভূমিধস ঘটে—
ক বন্যায় খ ঘূর্ণিঝড়ে
গ টর্নেডোতে ঘ ভারি বৃষ্টিপাতে

৩. বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা কত?
ক ৭ থেকে ১৪ বছর খ ৭ থেকে ১৬ বছর
গ ৭ থেকে ১৮ বছর ঘ ১৪ থেকে ২০ বছর

৪. রাখাইনরা কোথা থেকে বাংলাদেশে এসেছে?
ক ইয়াঙ্গুন খ সিকিম
গ আরাকান ঘ সেকেন্দ্রা

নিচের চিত্রটি দেখে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:




৫. 'X' চিত্রে কোন ধারণার প্রতিফলন ঘটেছে?
ক রেমিটেন্স খ যুব উন্নয়ন
গ মানবসম্পদ উন্নয়ন ঘ জনশক্তি রপ্তানি

৬. চিত্রে (গ) নির্দেশিত উপাদানটির অনুপস্থিতিতে—
i. কর্মসংস্থান কমে
ii. সঞ্চয় কমে
iii. বিনিয়োগ হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. ২০১৪ সালের Human Development Report মোতাবেক ২০১৩ সালের মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
ক ১৪২ খ ১৪৩
গ ১৪৪ ঘ ১৪৫

৮. ★ রবীন্দ্রনাথের কুঠিবাড়ি কোথায়?
ক ঢাকায় খ যশোরে
গ কুষ্টিয়ায় ঘ ময়মনসিংহে

৯. দেশের জাতীয় তহবিলের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করে—
ক আইন বিভাগ খ শাসন বিভাগ
গ বিচার বিভাগ ঘ বাংলাদেশ ব্যাংক

১০. নিচের কোনটি সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয়েছিল?
ক কলকাতা বিশ্ববিদ্যালয়
খ সংস্কৃত কলেজ
গ কলকাতা মাদ্রাসা
ঘ শ্রীরামপুর মুদ্রণযন্ত্র

১১. ★ বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ভূমিকা রাখে—
i. ভারত
ii. সোভিয়েত ইউনিয়ন
iii. চীন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. ★ কোন জনগোষ্ঠীর লোকেরা দুটি ধর্মের অনুসারী?
ক রাখাইন খ মারমা
গ গারো ঘ চাকমা
[নোট: সঠিক উত্তর হবে সাঁওতাল।]

১৩. ★ বাংলাদেশে পাহাড়ি এলাকার পরিমাণ শতকরা কত ভাগ?
ক ১০ খ ১২
গ ১৪ ঘ ১৬

১৪. মুক্তিযুদ্ধের যৌথ বাহিনীর কমান্ডার ছিলেন কে?
ক কর্নেল এম. এ. জি. ওসমানী
খ মেজর জেনারেল নাগরা
গ মেজর জেনারেল জ্যাকব
ঘ লে. জেনারেল জগজিৎ সিং আরোরা

১৫. নারীর ক্ষমতায়নে সবচেয়ে বেশি প্রয়োজন কোনটি?
ক আইনের প্রয়োগ খ শিক্ষার প্রসার
গ নারী আন্দোলন ঘ বিদেশে প্রশিক্ষণ

১৬. ইমন রাজশাহী অঞ্চলের বাসিন্দা। সে লক্ষ করল তার আশেপাশের এলাকা ক্রমশ মরুতে পরিণত হচ্ছে। তার এলাকায় পরিবর্তনের জন্য দায়ী কোনটি?
ক ভূমিধস খ ভূমিকম্প
গ লবণাক্ততা বৃদ্ধি ঘ বৈশ্বিক উষ্ণায়ন

Teachingbd24.com

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব ইমতিয়াজ বাসায় ব্যবহারের জন্য এয়ারকন্ডিশনার ক্রয় করতে গেলে দোকানদার তাকে পরিবেশবান্ধব এয়ার কন্ডিশনার ক্রয় করার পরামর্শ দেন।

**১৭. জনাব ইমতিয়াজ কোন ধরনের এয়ারকন্ডিশনার ক্রয় করলেন?**
ⓚ হাইড্রোজেনমুক্ত ⓚ অক্সিজেনমুক্ত
ⓖ নাইট্রোজেনমুক্ত ⓖ কার্বনমুক্ত

**১৮. উক্ত উপাদানটি ক্ষতিকারক কারণ এটি—**
i. ওজোন স্তরকে ক্ষয় করে
ii. যন্ত্রের ক্ষতি করে
iii. বৈশ্বিক উষ্ণতা বাড়ায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৯. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের অন্যতম বৈশিষ্ট্য কোনটি?**
(ক) অসহযোগ আন্দোলনের ডাক দেয়া
(খ) সরকারকে সহযোগিতা করা
(গ) নির্বাচনের দাবি জানানো
(ঘ) অনিয়মতান্ত্রিকভাবে ক্ষমতা দখল

**২০. জীববৈচিত্র্য বলতে বোঝায়, প্রকৃতির মধ্যে জীবের—**
(ক) দীর্ঘায়ু লাভ (খ) স্বল্পায়ু লাভ
(গ) বেঁচে থাকার নিয়ম (ঘ) বিনাশ হওয়া

**২১. জনাব 'ক' ব্যবসায়িক কার্যক্রম তথ্য প্রযুক্তির মাধ্যমে সম্পাদন করতে চান। এক্ষেত্রে তার উপযুক্ত মাধ্যম হবে—**
(ক) ই-মেইল (খ) ফেসবুক
(গ) টুইটার (ঘ) ই-কমার্স

**২২. ★ কোনটি দৃশ্যশিল্পের অন্তর্গত?**
(ক) বাঁশের তৈরি কলমদানি
(খ) দামী গাড়ি
(গ) পুঁথি
(ঘ) মঙ্গলকাব্য

**২৩. ★ যৌথ বাহিনী গঠনের ফলে যুদ্ধ—**
(ক) থেমে যায় (খ) গতি লাভ করে
(গ) গতি কমে যায় (ঘ) স্তিমিত হয়

**২৪. বাংলাদেশে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ কোনটি?**
(ক) অসৎসঙ্গ
(খ) শিক্ষার অভাব
(গ) চিত্তবিনোদনের অভাব
(ঘ) দারিদ্র্য

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
মিরাজ দিনাজপুর বেড়াতে গিয়ে একটি পোড়ামাটির মন্দির দেখে।

**২৫. মিরাজের দেখা মন্দিরটির নাম কী?**
(ক) লোকনাথ মন্দির (খ) দক্ষিণের মন্দির
(গ) স্বর্ণ মন্দির (ঘ) কান্তজি মন্দির

**২৬. উক্ত মন্দিরে কোন কাহিনী ফুটিয়ে তোলা হয়েছে?**
(ক) মহাভারতের (খ) রামায়ণের
(গ) চর্যাপদের (ঘ) মঙ্গলকাব্যের

**২৭. FAO এর সদর দপ্তর কোথায়?**
(ক) রোম (খ) প্যারিস
(গ) নিউইয়র্ক (ঘ) জেনেভা

**২৮. বাংলাদেশের শিল্পখাতে ২০১৫-২০১৬ অর্থবছরে প্রবৃদ্ধির হার কত শতাংশ?**
(ক) ১২.৩৪ (খ) ১০.৩৩
(গ) ৬.১৯ (ঘ) ৬.১১

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন আগে পড়াশোনা করতই না। কিন্তু এখন পাশের বাড়ির শান্তর সাথে নিয়মিত বিদ্যালয়ে যায়। লেখাপড়াও ঠিকমত করে।

**২৯. সুমনের আচরণিক পরিবর্তনের ধারণাটিকে কী বলা যাবে?**
(ক) সহনশীলতা (খ) সামাজিকীকরণ
(গ) মূল্যবোধ বিকাশ (ঘ) সংস্কৃতির জাগরণ

**৩০. এর ফলে সুমনের মধ্যে—**
i. নেতৃত্বের বিকাশ ঘটতে পারে
ii. সহনশীলতার মনোভাব গড়ে উঠতে পারে
iii. সংগঠিত হওয়ার মনোভাব জাগ্রত হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com